# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 25-06 2026** **Time: 1.30 PM**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ ভেনিজুয়েলায় ভয়াবহ ভূমিকম্পের পরই, জরুরী অবস্থা ঘোষণা। এপর্যন্ত ৩২ জনের মৃত্যুর খবর মিলেছে। #আহত ৭০০-র বেশী।

#উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণান এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভয়াবহ এই বিপর্যয়ে গভীর শোক প্রকাশ করেছেন।

২/ ১৯৭৫ সালের ২৫শে জুন 'জাতীয় 'জরুরি অবস্থা' ঘোষণার প্রেক্ষিতে আজ দেশজুড়ে 'সংবিধান হত্যা দিবস' পালিত হচ্ছে।

৩/ অসামরিক বিমান পরিবহণ মন্ত্রী কে রামমোহন নাউডু আজ উত্তরপ্রদেশে বারাণসীতে লাল বাহাদুর শাস্ত্রী আন্তর্জাতিক বিমান বন্দর থেকে প্রথম ইজি কানেক্ট উড়ানের সূচনা করেছেন।

৪/ হরিয়ানার গুরুগ্রামে শুরু হয়েছে একাদশ ব্রিকস জ্বালানি শক্তি মন্ত্রীদের বৈঠক।

৫/ কলকাতার তারাতলায় নির্মীয়মাণ গুদাম ভেঙ্গে পড়ার ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে হয়েছে- ৯। #প্রধানমন্ত্রী ত্রাণ তহবিল থেকে মৃতদের নিকটাত্মীয়কে ২'লক্ষ এবং আহতদের ৫০ হাজার টাকা সহায়তা দেওয়া হবে।

#মৃতদের পরিবার পিছু ১০ লক্ষ এবং আহত প্রত্যেককে এক লক্ষ টাকা আর্থিক সহায়তার ঘোষণা রাজ্য সরকারের।

৬/ ফুটবল বিশ্বকাপে আজ কুরাসাও আইভরি কোস্টের বিরুদ্ধে এবং জার্মানি ইকুয়েডারের বিরুদ্ধে খেলবে।

---

ভেনেজুয়েলার রাষ্ট্রপতি ডেলসী রডরিগেজ, সেদেশে ভয়াবহ ভূমিকম্পের পরই, জরুরী অবস্থা ঘোষণা করেছেন। সাত দশমিক দুই এবং সাত দশমিক পাঁচ মাত্রার পর পর দুটি কম্পনে কারাকাস ও তার আশপাশের এলাকায় আজ সকালে বহু বাড়ি ভেঙ্গে পড়ে। পরবর্তী বিজ্ঞপ্তি জারি হওয়া পর্যন্ত সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান এবং জরুরী নয়, সেরকম পরিষেবা বন্ধ থাকবে। ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে দ্রুত ত্রাণ, উদ্ধার ও চিকিৎসা পরিষেবা পৌঁছে দেওয়ার নির্দেশ দিয়েছেন তিনি। ভয়াবহ এই ভূমিকম্পে বহু বড় কাঠামো ভেঙ্গে পড়েছে। রাষ্ট্রপতি রডরিগেজ জানিয়েছেন, শক্তিশালী পর পর দুটি ভূকম্পনে এপর্যন্ত ৩২ জনের মৃত্যু হয়েছে। আহত ৭০০-র'ও বেশী। ভূমিকম্প বিধ্বস্ত এলাকায় আপৎকালীন ভিত্তিতে ত্রাণ ও উদ্ধারকাজ চলছে। ধ্বংসস্তুপ সরানোর কাজ শেষ হলে মৃতের সংখ্যা আরো বাড়ার সম্ভাবনা রয়েছে।

অন্যদিকে, জাপানের উত্তরাঞ্চলেও আজ সকালে ভূমিকম্প অনুভূত হয়েছে। জাপানের আবহাওয়া দফতর (জেএমএ) জানিয়েছে, ভূমিকম্পটির উৎপত্তিস্থল ছিল ইওয়াতে প্রিফেকচারের উপকূল থেকে দূরে, মাটির ৫০ কিলোমিটার গভীরে। আওমোরি প্রিফেকচারের হাশিকামি শহরের এই ভূমিকম্পের তীব্রতা ছিল রিখটার স্কেলে ৭।

---

দেশজুড়ে আজ 'সংবিধান হত্যা দিবস' পালিত হচ্ছে। ১৯৭৫ সালের এই দিনে, তৎকালীন রাষ্ট্রপতি ফখরুদ্দিন আলি আহমেদ সংবিধানের ৩৫২ নম্বর অনুচ্ছেদের অনুযায়ী 'জাতীয় 'জরুরি অবস্থা' ঘোষণা করেছিলেন। কারণ হিসাবে অভ্যন্তরীণ অশান্তির

কারণে দেশে সঙ্কটজনক পরিস্থিতির সৃষ্টি হয়েছে বলে উল্লেখ করেন তিনি। ভারতের সংবিধানকে অবজ্ঞা করে যেভাবে জরুরি অবস্থার সময় দেশের জনগণের উপর সীমাহীন দমন-পীড়ন করা হয়েছিল তাঁকে স্মরণ করতে এবং সেই সব নিপীড়িত মানুষের প্রতি শ্রদ্ধা জানাতে এই দিনটিকে 'সংবিধান হত্যা দিবস' হিসেবে পালন করা হয়।

জরুরি অবস্থা জারির ৫০ বছর পূর্তি উপলক্ষে বছরব্যাপী যে বিভিন্ন অনুষ্ঠান ও কর্মসূচির পরিকল্পনা করা হয়েছিল, নতুনদিল্লিতে আজ তার সমাপ্তি অনুষ্ঠান। এই উপলক্ষ্যে 'সংবিধান হত্যা দিবস' ও 'গণতন্ত্র দীর্ঘজীবী হোক' শীর্ষক প্রদর্শনীর পাশাপাশি 'সংবিধান হত্যা দিবস' নামের একটি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রও প্রদর্শিত হবে। কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত এই অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন।

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন, ১৯৭৫ সালের জরুরী অবস্থার সময় যারা গণতান্ত্রিক মূল্যবোধ রক্ষায় দৃঢ় অবস্থান নিয়েছিলেন, তাঁদের শ্রদ্ধা জানিয়েছেন। সোশ্যাল মিডিয়ায় এক পোস্টে তিনি বলেন, এই সময়কাল, সাংবিধানিক মূল্যবোধের এক কঠিন সময় বলে ইতিহাসে চিহ্নিত হয়ে রয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ জরুরী অবস্থাকে 'ভারতীয় ইতিহাসের অন্যতম অন্ধকার অধ্যায়' বলে বণর্ণা করে, সেসময়ে যারা এর বিরুদ্ধে দৃঢ় অবস্থান নিয়েছিলেন, তাঁদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন। সেসময় অসংখ্য নাগরিক, এর বিরুদ্ধে প্রতিবাদে সোচ্চার হয়েছিলেন এবং সংবিধানের মর্যাদা রক্ষায় একত্রে লড়াই করেছিলেন।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী **অমিত শাহ,** জরুরী অবস্থা চলাকালীন যারা তার বিরুদ্ধে লড়াই করেছিলেন, তাঁদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে তিনি বলেন, ভারতীয় গণতন্ত্রের ইতিহাসে ১৯৭৫-এর ২৫শে জুন একটি কালো অধ্যায়ের সূচনা করেছিল।

তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর ক্ষমতার লোভ ও দম্ভ এবং কংগ্রেস দলের সংবিধান, সংবাদমাধ্যম ও মত প্রকাশের স্বাধীনতাকে সম্পূর্ণ ধ্বংস করে দেওয়ার ইতিহাসরূপে এই সময় চিহ্নিত হয়ে থাকবে।

উল্লেখ্য, ক্রমবর্ধমান রাজনৈতিক অস্থিরতা এবং বিচার বিভাগীয় কিছু ঘটনার প্রেক্ষাপটে এই জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছিল, যা তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর নেতৃত্বাধীন সরকারের বৈধতাকে প্রশ্নের মুখে ফেলেছিল। রাজ্যগুলোর ওপর কেন্দ্রের নিয়ন্ত্রণ আরও জোরদার করা হয়। জরুরি অবস্থা ঘোষণার পর সংবিধান স্বীকৃত বেশ কিছু রক্ষাকবচ নিষিদ্ধ করা হয়। মতপ্রকাশের স্বাধীনতা, সভা-সমাবেশ ও এমনকি চলাফেরার স্বাধীনতার উপরেও বিধি নিষেধ আরপ করা হয়। সংবাদপত্রের স্বাধীনতার উপরেও হস্তক্ষেপ করা হয়। এমনকি সংবাদপত্রের স্বাধীনতা রক্ষার দায়িত্বে থাকা বিধিবদ্ধ সংস্থা ‘প্রেস কাউন্সিল অফ ইন্ডিয়া’-কেও বিলুপ্ত করা হয়।

---------------------------------

অসামরিক বিমান পরিবহন মন্ত্রী কে. রামমোহন নাইডু , উত্তরপ্রদেশের বারাণসীর লাল বাহাদুর শাস্ত্রী আন্তর্জাতিক বিমানবন্দর থেকে আজ, প্রথম 'ইজি কানেক্ট' (Easy Connect) উড়ানের সূচনা করেছেন।

দিল্লি হয়ে বারাণসীকে বিশ্বের সঙ্গে সংযোগকারী এই 'হাব অ্যান্ড স্পোক' (hub and spoke) উড়ানটির লক্ষ্য ভারতের প্রতিটি প্রান্তকে বিশ্বের সঙ্গে এবং বিশ্বকে ভারতের সঙ্গে যুক্ত করা। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে মন্ত্রী কে. রামমোহন নাইডু বলেন, নতুন 'হাব অ্যান্ড স্পোক' মডেলটি ভ্রমণ পদ্ধতিতে এক যুগান্তকারী পরিবর্তনের পথ প্রশস্ত করেছে । তিনি বলেন, ভারতের যে কোন শহরবাসীরা , এখন নিজ শহর থেকেই বিশ্বের যে কোনো জায়গায় যাত্রা শুরু করতে পারবেন এবং ভারতের নিজস্ব

বিমান পরিষেবার মাধ্যমে সহজেই বিশ্বজুড়ে ভ্রমণ করতে পারবেন। তিনি গত ১২ বছরে বিমান পরিবহন ক্ষেত্রে সরকারের অগ্রগতির কথা তুলে ধরেন। এ প্রসঙ্গে তিনি জানান, ২০১৪ সালে যেখানে বিমানবন্দরের সংখ্যা ছিল ৭৪, বর্তমানে তার সংখ্যা ১৬০টিরও বেশি । মন্ত্রী ঘোষণা করেন যে, আগামী ছয় সপ্তাহের মধ্যে আরও ছয়টি বিমানবন্দরকে এই 'হাব অ্যান্ড স্পোক' মডেলের অন্তর্ভুক্ত করা হবে।

-----------------------------------

হরিয়ানার গুরুগ্রামে ব্রিকস-ভুক্ত দেশগুলির বিদ্যুৎ মন্ত্রীদের একাদশতম বৈঠকের সূচনা করেন কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রী মনোহর লাল। তিনি বলেন ভারত জ্বালানি ব্যবস্থা গড়ে তোলার ক্ষেত্রে ব্রিকস (BRICS)-এর পারস্পরিক সহযোগিতা জোরদার করতে চায়। জ্বালানি ক্ষেত্রে 'ভ্যালু চেইন'-এ ভারতের বিনিয়োগের কথা তুলে ধরে শ্রী লাল জানান, ভারত বিশ্বের অন্যতম বৃহত্তম ডিজিটাল-চালিত বিদ্যুৎ ব্যবস্থা গড়ে তোলার ভিত্তি স্থাপন করছে।

-----------------------------------

শ্রী রাম জন্মভূমি তীর্থ ক্ষেত্র ট্রাস্টে আর্থিক অনিয়মের আদালত-নিরীক্ষণের তদন্তের দাবিতে একটি জনস্বার্থ মামলার জরুরী ভিত্তিতে শুনানির আবেদন, আজ সুপ্রিম কোর্ট খারিজ করে দিয়েছে। তবে আদালত আবেদনকারীকে আশ্বস্ত করেছে যে, বিষয়টি যথাসময়ে শুনানির জন্য তালিকাভুক্ত করা হবে।

নরেন্দ্রকুমার গোস্বামী নামে এক আইনজীবি, বিচারপতি বি ভি নাগরত্ন এবং বিচারপতি জয়মাল্য বাগচীর বেঞ্চে গুরুত্বপূর্ণ তথ্য সংরক্ষণ নিশ্চিত করতে জরুরী ভিত্তিতে শুনানির আবেদন জানান। CCTV ফুটেজ, ডিজিট্যাল লেনদেনের তথ্য এবং

অযোধ্যার রাম মন্দিরে ভক্তদের দেওয়া দান সংক্রান্ত বিভিন্ন তথ্য সংরক্ষণের দাবি জানানো হয়।

উল্লেখ্য, ইতমধ্যেই এই বষয়ে তদন্তের জন্য তিন সদস্যের সিট গঠন করা হয়। লখনৌ ডিভিশনাল কমিশনার বিজয় বিশ্বাস পথের নেতৃত্বাধীন এই দল রাজ্য সরকারের কাছে সম্প্রতি এ বষয়ে প্রাথমিক রিপোর্ট জমা দিয়েছে।

----------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, *রবিবার ২৮ শে জুন*, আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩৫-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল **১১** টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

*'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App, কিংবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ ।*

----------------------------------

কলকাতার তারাতলার নির্মীয়মাণ গুদাম ভেঙে পড়ার ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৯। আজ বিধানসভায় তারাতলার ঘটনা নিয়ে আজ বিস্তৃত বিবৃতি দেওয়ার সময় সরকারি হিসেব তুলে ধরে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান, ২০ জন হাসপাতালে চিকিৎসাধীন। তাঁদের মধ্যে ১৫ জন স্থিতিশীল, চার জনের অবস্থা গুরুতর এবং এক জনের অবস্থা আশঙ্কাজনক। উদ্ধারকাজ এখনও চলছে উল্লেখ ক'রে তিনি মৃতদের পরিবারপিছু ১০ লক্ষ টাকা এবং আহত প্রত্যেককে ১ লক্ষ টাকা করে আর্থিক সহায়তার কথা ঘোষণা করেন।

বাইট – CM Compensation

ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়ানোর কথা ঘোষণা করার পাশাপাশি তিনি ওই ঘটনায় দোষীদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়ার কথা বলেন। তৃণমূল কংগ্রেস পরিচালিত কলকাতা পুর বোর্ডকে দায়ী ক'রে মুখ্যমন্ত্রী অভিযোগ করেন, সংশ্লিষ্ট ভবনের নকশা অনুমোদনের ক্ষেত্রে গুরুতর অনিয়ম হয়েছে। তাঁর দাবি, কাঠামোগত ত্রুটি থাকা সত্ত্বেও নির্মাণ পরিকল্পনা অনুমোদন দেওয়া হয়েছিল। প্রাক্তন মেয়র ফিরহাদ হাকিমের সই-সহ বিভিন্ন নথির উল্লেখ করে তিনি বলেন, পুরো বিষয়টির ফ্যাক্ট ফাইন্ডিং রিপোর্ট সরকারের হাতে এসেছে। সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ার এবং আধিকারিকদের ভূমিকা নিয়েও প্রশ্ন তোলেন তিনি। আগের সরকার এরকম বিপর্যয়ের ক্ষেত্রে উদ্ধারকাজ ত্বরান্বিত করার জন্য কোনও অত্যাধুনিক ব্যবস্থা নেয়নি বলেও অভিযোগ করেন তিনি। তিনি দাবি করেন, রাতভর প্রশাসনের শীর্ষ কর্তারা ঘটনাস্থলে থেকে উদ্ধারকাজ তদারকি করেছেন। সেনাবাহিনী ও এন ডি আর এফ-এর ভূয়সী প্রশংসা করেন মুখ্যমন্ত্রী।

বাইট – CM Criticise

মুখ্যমন্ত্রী বলেন, তদন্তে কোনও রকম শৈথিল্য বরদাস্ত করা হবে না বলে স্পষ্ট জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন, ইতোমধ্যেই পাঁচ জনকে গ্রেফতার করা হয়েছে। তাঁদের মধ্যে রয়েছেন নির্মাণ সংস্থার সুপারভাইজার, লোহার কাঠামো প্রস্তুতকারক, জমির লিজগ্রহীতা, শ্রমিক সরবরাহকারী ও কন্ট্রাক্টর এবং পরিকল্পনা অনুমোদনের সঙ্গে যুক্ত এক দালাল। মূল অভিযুক্ত আজগরকে খোঁজা হচ্ছে বলেও জানান তিনি।

শ্রী অধিকারী জানান, ঘটনার জেরে আগামী চার সপ্তাহ, কলকাতা পুর এলাকা, রাজারহাট-নিউটাউন, মহেশতলা, বজবজ, পূজালি, বিষ্ণুপুর, সোনারপুর, বারুইপুর-সহ বিস্তীর্ণ এলাকায় জরুরি পরিষেবা ছাড়া সমস্ত নির্মীয়মাণ প্রকল্পের কাজ বন্ধ থাকবে। এই সময়ে সংশ্লিষ্ট সমস্ত অনুমোদিত নির্মাণ পরিকল্পনার অডিট হবে। এজন্য অতিরিক্ত মুখ্যসচিব রাজেশ পান্ডের নেতৃত্বে উচ্চ পর্যায়ের একটি কমিটি গঠন করা হয়েছে বলেও শ্রী অধিকারী জানিয়েছেন।

বাইট – CM Committee

আগেই জানানো হয়েছে, তারাতলা কাণ্ডে বিশেষ তদন্তকারী দল - সিট গঠন করেছে কলকাতা পুলিশ। অতিরিক্ত পুলিশ কমিশনার (অপরাধ দমন) কুণাল আগরওয়াল এর নেতৃত্বে কাজ করছে সিট।

----------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তারাতলার দুর্ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন। ‘প্রধানমন্ত্রী জাতীয় ত্রাণ তহবিল’ থেকে মৃতদের নিকটাত্মীয়দের পরিবার পিছু ২ লক্ষ টাকা এবং আহতদের ৫০ হাজার টাকা আর্থিক সহায়তার ঘোষণা করেছেন শ্রী মোদী। ক্ষতিগ্রস্ত পরিবারগুলির সহায়তায় সরকার সর্বতোভাবে পাশে আছে বলেও তিনি জানিয়েছেন।

----------------------------------

ভারতীয় আবহাওয়া দপ্তর আজ উপকূলীয় কর্ণাটক, ঝাড়খণ্ড, কোঙ্কন ও গোয়া, মহারাষ্ট্র, তেলেঙ্গানা, ওড়িশা, হিমালয়-সংলগ্ন পশ্চিমবঙ্গ এবং সিকিমের কিছু অংশে ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে। বিহার, ঝাড়খণ্ড, মধ্য মহারাষ্ট্র, মারাঠওয়াড়া, পশ্চিম মধ্যপ্রদেশ এবং পশ্চিম রাজস্থানে বজ্রবিদ্যুৎ সহ ঝড়ের পূর্বাভাস রয়েছে। এছাড়া, আবহাওয়া দপ্তর আগামী দুই থেকে তিন দিন দিল্লি, চণ্ডীগড়, হরিয়ানা, জম্মু ও কাশ্মীর, লাদাখ, পাঞ্জাব, উত্তরাখণ্ড এবং উত্তর-পূর্বাঞ্চলের কিছু অংশে বজ্রপাত ও দমকা হাওয়াসহ বজ্রঝড়ের পূর্বাভাস দিয়েছে। আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ, উপকূলবর্তী অন্ধ্রপ্রদেশ, পূর্ব মধ্যপ্রদেশ, পূর্ব রাজস্থান, ওড়িশা, ছত্তিশগড়, বিদর্ভ, তামিলনাড়ু, পুদুচেরি, তেলেঙ্গানা, পশ্চিমবঙ্গ এবং সিকিমেও একইরকম আবহাওয়া থাকবে বলে আশঙ্কা করা হচ্ছে।

অন্যদিকে, আবহাওয়া দপ্তর আজ বিহার, পূর্ব মধ্যপ্রদেশ এবং পূর্ব উত্তরপ্রদেশের বেশ কিছু এলাকায় তাপপ্রবাহের পূর্বাভাস দিয়েছে।

----------------------------------

সিকিম ও কালিম্পংগামী গুরুত্বপূর্ণ জাতীয় সড়ক এন-এইচ ১০-এর বাঘপুল সংলগ্ন কালীমন্দির এলাকার পথে আজ সকালে ফের ধ্বস নামায় যান চলাচল সম্পূর্ণভাবে ব্যাহত হয়েছে। ধ্বসের ফলে রাস্তার ওপর বিপুল পরিমাণ মাটি ও পাথর এসে পড়ায় জাতীয় সড়কে দীর্ঘ যানজটের সৃষ্টি হয়েছে। ভোগান্তির মুখে পড়েন যাত্রীরা।

খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় জেলা প্রশাসন, পুলিশ এবং সংশ্লিষ্ট দফতরের কর্মীরা। যুদ্ধকালীন তৎপরতায় ধ্বংসাবশেষ সরানোর কাজ চললেও রাস্তা সম্পূর্ণ

স্বাভাবিক হতে আরও কিছুটা সময় লাগতে পারে বলে অনুমান করা হচ্ছে। বিকল্প রাস্তা ব্যবহারের নির্দেশ দিয়েছে প্রশাসন।

উল্লেখ্য, গত কয়েকদিন ধরে লাগাতার বৃষ্টির জেরে পাহাড়ি এলাকায় ধসের আশঙ্কা বেড়েছে। কিছুদিন আগে সেবক এলাকায় ধসের ঘটনার পর বুধবার রাতের ভারী বৃষ্টিতে আবার ধস নামায় উদ্বেগ বেড়েছে।

---------------------------------

ফিফা বিশ্বকাপ ২০২৬-এর গ্রুপ পর্বের খেলায় আজ ফিলাডেফিয়া স্টেডিয়ামে, কুরাসাও, আইভরি কোস্টের বিরুদ্ধে ও ইস্ট রাদারফোর্ড স্টেডিয়ামে, জার্মানি, ইকুয়েডরের বিরুদ্ধে খেলবে। গ্রুপ ই-র দুটি খেলাই শুরু হবে ভারতীয় সময় রাত দেড়টায়। অন্যদিকে আগামীকাল ভোর ৪টা ৩০ মিনিটে টিউনিশিয়া, নেদারল্যান্ডের বিরুদ্ধে এবং জাপান,সুইডেন এর বিরুদ্ধে খেলবে।

আজ সকালে মন্টেরিতে দক্ষিণ কোরিয়ার বিপক্ষে ১-০ ব্যবধানে জয়লাভ করে দক্ষিণ আফ্রিকা প্রথমবারের মতো ফিফা বিশ্বকাপের নকআউট পর্বে উন্নীত হয়েছে। 'গ্রুপ এ'-র এই ম্যাচে দক্ষিণ আফ্রিকার হয়ে একমাত্র গোলটি করেন থাপেলো মাসেকো। এর আগে, আজ সকালে মেক্সিকো সিটিতে চেক প্রজাতন্ত্রকে ৩-০ ব্যবধানে পরাজিত করে মেক্সিকো প্রথমবার গ্রুপ পর্বের তিনটি ম্যাচেই জয় পেয়ে নক আউট পর্বে ওঠার কৃতিত্ব অর্জন করল। অন্যদিকে, গতরাতে, গ্রুপ সি থেকে, ব্রাজিল, মরক্কো এবং গ্রুপ বি থেকে সুইজারল্যান্ড, কানাডা পরের রাউন্ডে খেলার যোগ্যতা অর্জন করেছে।

---------------------------------

মহিলাদের টি -২০ ক্রিকেট বিশ্বকাপের গ্রুপ পর্বের ম্যাচে ভারত আজ বাংলাদেশের মুখোমুখি হবে। ওল্ড ট্র্যাফোর্ডে খেলা শুরু হবে ভারতীয় সময় সন্ধ্যা সাতটায়। ভারত

পাকিস্তান ও নেদারল্যান্ডস এর বিরুদ্ধে প্রথম দুই ম্যাচে জয়ের পর, গত ম্যাচে দক্ষিণ আফ্রিকার কাছে পরাজিত হয়েছে। ৩ ম্যাচে চার পয়েন্ট সংগ্রহ করে ভারত গ্রুপ এ তে দ্বিতীয় স্থানে রয়েছে। আজকের ম্যাচ জিতলে ভারতের সেমিফাইনালের পথ অনেকটাই প্রশস্ত হবে। অন্যদিকে, সমসংখ্যক ম্যাচ খেলে সমসংখ্যক পয়েন্ট নিয়ে নেট রান রেটে পিছিয়ে থাকায় বাংলাদেশ চতুর্থ স্থানে রয়েছে।

---------------------------------- ----------------------------------